

## ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্র: নং-৩। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। নারিন্দা (নতুন) কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের বিদ্যমান সাকশন পাইপ লাইনের নকশা।

সংযুক্ত ক্র: নং-৫। মালামাল ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

**Name of the work: Supply of gate valve, NRV, flange. bend etc and related services for Narinda CPS pumping station under PSTP( pump No. 3) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।**

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্যাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। দীর্ঘদিন ধরে পাইপ লাইনগুলো ব্যবহারের ফলে বিভিন্ন অংশে লিকেজ/ক্রগি দেখা দিচ্ছে। ফলে পাম্প মোটরগুলো সঠিকভাবে চালানো যাচ্ছে না। সেই কারনে ৩ নং পাম্প মোটরের বিদ্যমান সাকশন ও ডেলিভারী লাইনের পাইপ গেট ভাল্ব, নন রিটার্ন ভাল্ব, সহ আনুষংগিক মালামাল ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “ Supply of gate valve, NRV, flange. bend etc and related services for Narinda CPS pumping station under PSTP( pump No. 3)” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৭১,৩২৮.০০০(চব্বিশ লক্ষ একাত্তর হাজার তিনশত আটশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের “পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৫৮; প্যাকেজ নং- GWS2 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “ Supply of gate valve, NRV, flange. bend etc and related services for Narinda CPS pumping station under PSTP( pump No. 3)” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৭১,৩২৮.০০০(চব্বিশ লক্ষ একাত্তর হাজার তিনশত আটাশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের “পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

  
12/05/26  
সম্প্রতি মিয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।


  
12/05/26  
উপ-সহকারী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।

  
12/05/26  
সৈয়দ শিহাবুর রহমান  
নির্বাহী প্রকৌশলী  
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ  
ঢাকা ওয়াসা।

  
12/05/26  
(মির্জা গোলাম কিবরিয়া)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল  
ঢাকা ওয়াসা।

১.৪। উপর্যুক্ত অনুমোদিত,

Xen, PGT

  
12/05/26

শওকত মাহমুদ  
প্রধান প্রকৌশলী